

১২৯ নং

তাল — ঠুংরী

ঠাকুরনগর যাবি যদি মন

ছাড় মনের কুটি-নাটি, ময়লা-মাটি, হরি নাম কর সম্বল ॥

- ১। এই হরি নাম বল মুখে, থাক্বিরে মন পরম সুখে ।
নামের সঙ্গে নামি থাকে, তায় জুড়ায় তাপিত জীবন ॥
- ২। ভেবে গুরুচাঁদ বলে, অতুলরে তুই যাস্ না ভুলে ।
মা বীণাপানির কৃপাবলে, পাবিরে মানুষ রতন ॥



১৩০ নং

গোষ্ঠ

অন্নপূর্ণা গো মা, তোর হরিকে দে গোষ্ঠে লয়ে যাই ।

আমরা সব রাখালে আইছি মেলে, হরি পেলে

চলে যাই ॥

- ১। তারা দলে দলে মিলে চলে, তাদের নয়নজলে
ও তুই শুয়ে ব'লি মায়ের কোলে
আমাদের বুদ্ধি মা-বাপ্ নাই ॥
- ২। ব্রজ বলে দে মা হরি, গোষ্ঠে চলে যাই ।
আমরা তোর হরিকে করি পূজা,
হরি বলে নাচি গাই ॥
- ৩। বিশে বলে প্রাণ সখা, আয়রে চলে আয় ।
যে দিন মৃতদেহ প্রাণ দিলি ভবে
তুই বিনে আর বন্ধুরে নাই ॥